

## সামাজিক দায়বদ্ধতা নীতিমালা

### Policy on Corporate Social Responsibility

রাইদা কালেকশনস লিমিটেড এর শ্রমিক, কর্মচারী, কর্মকর্তার কল্যাণ এবং একই সাথে কারখানা সংলগ্ন অঞ্চল সমূহের পরিবেশসহ অন্যান্য সামাজিক আচরণের ক্ষেত্রে নীতিগত দায়বদ্ধতার প্রতি শ্রদ্ধাশীল।

সামাজিক দায়বদ্ধতার তাগিদে অত্র প্রতিষ্ঠান নিম্নোক্ত বিষয়গুলোর উপর বিশেষ গুরুত্বারোপ করে।

- ১। **কর্মপরিবেশ :** একটি উন্নত কর্মপরিবেশ অধিক উৎপাদন যেমন নিশ্চিত করে ঠিক তেমনি শ্রমিকদের সর্বাঙ্গীন শান্তি এবং সমৃদ্ধির জন্য সহায়ক ভূমিকা পালন করে। কর্তৃপক্ষ অত্র শিল্প প্রতিষ্ঠান সমূহে সর্বোচ্চ কর্মপরিবেশ বজায় রাখার জন্য প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণে বদ্ধ পরিকর। এ লক্ষ্যেই কর্মস্থলের নিম্নোক্ত বিষয়গুলো যথাযথভাবে নিশ্চিত করবে।
  - ক) পরিস্কার পরিচ্ছন্নতা,
  - খ) পর্যাপ্ত আলো ও বাতাস চলাচল ব্যবস্থা,
  - গ) পর্যাপ্ত স্যানিটেশন ব্যবস্থা,
  - ঘ) বিসুদ্ধ খাবার পানি সরবরাহ,
  - ১) প্রক্ষালন সুবিধা, ইত্যাদি।
- ২। **স্বাস্থ্য সেবা :** অত্র প্রতিষ্ঠানে কর্মরত সকল শ্রমিক, কর্মচারীদের সুন্দর স্বাস্থ্য বজায় রাখার জন্য সর্বত্রক স্বস্থ্য সহযোগিতা প্রদান করে থাকে। এ লক্ষ্যে প্রতিষ্ঠানে একটি সমন্বিত স্বাস্থ্য ইউনিট রাখা হয়েছে যা সার্বক্ষনিক চিকিৎসা সুবিধা প্রদানের জন্য প্রস্তুত থাকবে।
- ৩। **চিকিৎসা সুবিধা :** কর্মরত শ্রমিক, কর্মচারীদের চিকিৎসা সুবিধা প্রদানের পাশাপাশি যে সকল ব্যক্তি অর্থের অভাবে তাদের বাবা, মা, ভাই, বোন বা সন্তানের চিকিৎসা দিতে সক্ষম নন তাদের চিকিৎসা সেবা প্রদানের ক্ষেত্রে কর্তৃপক্ষ সর্বদাই উদার চিন্তে সাহায্যের হাত সম্প্রসারণ করে।
- ৪। **নিরাপত্তা :** অত্র প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক, কর্মচারীদের সার্বক্ষনিক নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে একটি সুনিয়ন্ত্রিত নিরাপত্তা ইউনিট সার্বদা নিয়োজিত রয়েছে। যার সদস্যগণ কারখানায় কর্মরত শ্রমিক ও মূল্যবান দ্রব্য সামগ্রীর নিরাপত্তা বিধানের জন্য সদা সচেষ্টিত থাকবে।
- ৫। **পরিবেশগত দায়বদ্ধতা :** কর্তৃপক্ষ কারখানার অভ্যন্তরে এবং কারখানা সংলগ্ন এলাকার প্রাকৃতিক পরিবেশের জন্য ক্ষতিকর প্রভাব বিস্তার করতে পারে এমন প্রবনতা থেকে সম্পূর্ণ বিরত থাকবে। কারখানার ধোঁয়া, বর্জ্য পদার্থ, রাসায়নিক দ্রব্যাদি ইত্যাদি ব্যবহারের ক্ষেত্রে সর্বদা পরিবেশ বান্ধব পদক্ষেপ সমূহ যথাযথভাবে গৃহীত হবে।
- ৬। **ইনসেন্টিভ :** কর্মরত শ্রমিক, কর্মচারীদের প্রেষণা প্রদানের লক্ষ্যে বিভিন্ন ধরনের বোনাস (উৎসব বোনাস, টার্গেট বোনাস, হাজিরা বোনাস) প্রদান করা হয়।

- ৭। **প্রশিক্ষন কর্মসূচী :** অত্র প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক, কর্মচারীদের নিরাপত্তা, স্বাস্থ্য সচেতনতা, অধিকার সমূহ, অভিযোগ পদ্ধতি ইত্যাদি বিষয়ে বুনীয়াদি প্রশিক্ষন প্রদান করবে। এ লক্ষ্যে প্রত্যেক ইউনিট লিখিত প্রশিক্ষন নীতিমালা অনুসরণ করবে।
- ৮। **চাইল্ড কেয়ার সেন্টার :** কারখানায় কর্মরত শ্রমিক, কর্মচারীগণের পোষ্যদের (অনধিক ০৬ বছর) জন্য সকল সুযোগ সুবিধা সহ ডে কেয়ার সেন্টার থাকবে। উক্ত ডে কেয়ার সেন্টারে ধর্ম, বর্ণ বা শ্রেণী নির্বিশেষে শ্রমিক, কর্মচারীগন তাদের শিশু সন্তান লালন পালনের জন্য রাখতে পারবেন।
- ৯। **সামাজিক অনুদান :** অত্র শিল্প প্রতিষ্ঠান সংলগ্ন এলাকা সমূহের সামাজিক, শিক্ষা ও ধর্মীয় উন্নয়ন সম্পর্কিত কর্মকাণ্ডে বিভিন্ন সময় বিভিন্ন ধরনের অনুদানের মাধ্যমে অংশ গ্রহন করে থাকে।
- ১০। **দুর্যোগকালীন সাহায্য সহযোগিতা :** অত্র শিল্প প্রতিষ্ঠানের কর্তৃপক্ষ সর্বদাই স্ব স্ব কারখানা সংলগ্ন এলাকার যে কোন দুর্যোগকালে বিপন্ন জনগোষ্ঠীর পাশে গিয়ে দাড়াবে এবং সম্ভব সকল প্রকার সাহায্য সহযোগিতা প্রদানের জন্য সচেষ্ট থাকবে।
- ১১। **বার্ষিক বনভোজন :** অত্র শিল্প প্রতিষ্ঠানে কর্মরত শ্রমিক, কর্মচারীদের বিনোদনের জন্য বার্ষিক বনভোজন ও সংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করবে। এছাড়া বিভিন্ন বিভাগের কর্মচারীগনের দক্ষতা, সময়ানুবর্তিতা ইত্যাদি গুণাগুণ বিচার পূর্বক তাদেরকে পুরস্কার প্রদান করা হয়।

**রাষ্ট্রদা কালেকশনস লিমিটেড** উন্নত সামাজিক দায়বোধে আবদ্ধ থেকে সকল ক্ষেত্রে ইতিবাচক পদক্ষেপ গ্রহন করবে এবং এ লক্ষ্যে কর্মরত শ্রমিক ও কর্তৃপক্ষ যৌথভাবে কাজ করার জন্য অঙ্গীকারাবদ্ধ থাকবে।